# সহীহ দুআ ও যিক্‌র

বিভাগ/অধ্যায়ঃ রুকুর যিকর

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

রুকুর যিকর

১।

سبحان ربي العظيم

উচ্চারণঃ-সুবহা-না রাব্বিয়াল আযীম।

অর্থ- আমি আমার মহান প্রতিপালকের পবিত্রতা ঘোষণা করছি, ৩ অথবা ততোধিকবার পাঠ করতে হয়। (আবু দাউদ, মুঃ আহমাদ)

২।

سبحان ربي العظيم وبحمده

উচ্চারণঃ সুবহা-না রাব্বিয়াল আযীম অবিহামদিহ।

অর্থঃ আমি আমার মহান প্রতিপালকের সপ্রশংস পবিত্রতা ঘোষণা করছি। ৩ বার। (আবু দাউদ, আহমদ)

৩।

سبوح قدوس رب الملائكة والروح

উচ্চারণঃ- সুব্বুহুন কুদ্দুসুন রাব্বুল মালাইকাতি অররূহ।

অর্থঃ অতি নিরঞ্জন, অসীম পবিত্র ফিরিশতামন্ডলী ও জিবরীলের প্রভু (আল্লাহ)।

৪।

سُبْحَانَكَ اللَّهُمَّ رَبَّنَا وَبِحَمْدِكَ ، اللَّهُمَّ اغْفِرْ لِي

উচ্চারণঃ-সুবহা-নাকাল্লা-হুম্মা রব্বানা অবিহামদিকা, আল্লা-হুম্মাগফিরলী।

অর্থঃ হে আল্লাহ! আমি তোমার সপ্রশংস পবিত্রতা ঘোষণা করি, হে আমাদের প্রভু! তুমি আমাকে মাফ কর। (বুখারী, মুসলিম)

৫।

اللهم لك ركعت و بك أمنت ولك أسلمت وعليك توكلت انت ربي خشع سمعي وبصري ودمي ولحمي وعظمي و عصبي لله رب العالمين

উচ্চারণঃ আল্লা-হুম্মা লাকা রাকা’তু অবিকা আ-মানতু অলাকা আসলামতু অ আলাইকা তাওয়াক্কালতু আন্তা রাব্বী,

খাশাআ সাময়ী, অ বাস্বারী অ দামী অ লাহমী অ আযমী অ আস্বাবী লিল্লা-হি রাব্বিল আলামীন।

অর্থঃ হে আল্লাহ! আমি তোমারই জন্য রুকু করলাম, তোমারই প্রতি বিশ্বাস রেখেছি, তোমারই নিকট আত্মসমর্পণ করেছি, তোমারই উপর ভরসা করেছি, তুমি আমার প্রভু। আমার কর্ণ, চক্ষু, রক্ত, মাংস, অস্থি ও ধমনী বিশ্বজাহানের প্রতিপালক আল্লাহর জন্য বিনয়াবনত হল। (নাসাঈ)

৬।

سبحان ذي الجبروت والملكوت والكبرياء والعظمة

উচ্চারণঃ-সুবহা-না যিল জাবারূতি অল মালাকূতি অল কিবরিয়া-ই অল আযামাহ।

অর্থঃ আমি প্রবলতা, সার্বভৌমত্ব, গর্ব ও মাহাত্মের অধিকারী (আল্লাহর) পবিত্রতা ঘোষণা করি। এই দুআটি তাহাজ্জুদের নামাযের রুকুতে পঠনীয়। (আবু দাউদ, নাসাঈ)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11701

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন